গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০২২.০৩০.১৭(অংশ-১)-৩৪৩ তারিখঃ ০৩-০৯-২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭" এর অনুচ্ছেদ ক(৯) সংশোধন সংক্রান্ত।

সূত্র: এ বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.০২২.০৩০.১৭(অংশ-১)-৩৪২, তারিখঃ ০৩-০৯-২০২০

উপর্যুক্ত বিষয়ে "রাইডশেয়ারিং শেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭" এর অনুচ্ছেদ 'ক(৯) সংশোধন সংক্রান্ত প্রজ্ঞাপনটি গেজেটে অতিরিক্ত সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো(কপি সংযুক্ত)। একইসাথে প্রকাশিত গেজেটের ১০০(এক শত) কপি প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১(এক) পাতা

(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

উপপরিচালক
ফরম ও প্রকাশনা পরিদপ্তর, তেজগাঁও, ঢাকা

অনুলিপিঃ

০১। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
০৪। অতিরিক্ত সচিব (এস্টেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৯ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ/ ০৩ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.০২২.০৩০.১৭(অংশ-১)-৩৪২ "রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭" এর অনুচ্ছেদ 'জ' এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে "রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭" এর অনুচ্ছেদ ক(৯) নিম্নরুপভাবে সংশোধন করলঃ

| অনুচ্ছেদ ও উপানুচ্ছেদ | বিদ্যমান | সংশোধিত |
|---|---|---|
| ক(৯) | এ নীতিমালার অধীন একজন মোটরযান মালিক মাত্র ০১(এক)টি মোটরযান রাইডশেয়ারিং সার্ভিস এর আওতায় পরিচালনার অনুমতি পাবেন। | এ নীতিমালার অধীন একজন মোটরযান মালিক মাত্র ০১(এক)টি মোটরযান রাইডশেয়ারিং সার্ভিস এর আওতায় পরিচালনার অনুমতি পাবেন।<br><br>তবে, উক্ত মোটরযান একাধিক রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে যুক্ত হতে পারবে। এক্ষেত্রে একের অধিক রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে যুক্ত হলে প্রতিটি প্রতিষ্ঠানের জন্য মোটরযান মালিককে আলাদা আলাদাভাবে এনলিষ্টমেন্ট ফি পরিশোধ করতে হবে। |

০২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৩।৯।২০২০
(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব